

বাড়িতে শিব পূজোর সরল পদ্ধতি

বাড়িতে শিব পূজো করার জন্য নিম্নলিখিত নিয়ম গুলি অবশ্য পালন করুন।

- প্রথমত, বাড়িতে পুরোহিত দ্বারা শিব লিঙ্গ স্থাপন করতে হবে।
- সকালে স্নান করে সূর্যদেব কে জল অর্পণ করুন।
- ঠাকুরের আসন পরিষ্কার করে গঙ্গা জল দিয়ে শুদ্ধ করুন।
- শুদ্ধ ঘি এর প্রদীপ জ্বালান।
- সুগন্ধি ধূপ জ্বালান।
- শিবলিঙ্গের অভিষেক শুরু করুন "ওম নমঃ শিবায়" মন্ত্রোচ্চারণ এর মাধ্যমে - ক্রমানুসারে জল(গঙ্গার জল), দুধ, মধু, ঘি, দই, চন্দন লাগিয়ে বেলপাতা অর্পণ করার পর জলাভিষেক করুন।
- একটি শুদ্ধ কাপড় দিয়ে আলতোভাবে মুছে নিতে হবে।
- চন্দন লাগিয়ে জেনেউ দিতে হবে।
- এরপর চন্দন লাগিয়ে বেলপাতা, কয়েকটি গোটা আতপ চাল, অপরাজিতা, ধুতুরা, আকন্দ বা যে কোনো সাদা ফুল শিবলিঙ্গে অর্পণ করুন।
- নৈবেদ্য নিবেদন করুন।
- এবার কর্পূর দিয়ে আরতি করুন।
- ভগবান শিবের কাছে প্রার্থনা করুন। শুদ্ধ মনে প্রার্থনা করলে ভগবান শিব সন্তুষ্ট হন এবং ভক্তদের আশীর্বাদ করেন।
- সোমবার শিব চালিসা পাঠ করতে পারেন। অনেকে সোমবার ব্রত করেন সংসারের মঙ্গল কামনায়।
- প্রতিদিন পূজো শেষে মহামৃত্যুঞ্জয় মন্ত্র জপ করা অত্যন্ত শুভ।
- সবশেষে স্নানজল চরণামৃত রূপে গ্রহণ করুন।
- প্রসাদ বিতরণ করে নিজে প্রসাদ গ্রহণ করুন।

বাড়িতে সরল পদ্ধতিতে শিব পূজা করার সময় যে উপকরণ গুলি আপনাকে গুছিয়ে নিয়ে পূজোয় বসতে হবে সেগুলি হল -

- কাঁচা দুধ
- সাদা চন্দন
- ঘি
- দই
- মধু
- জল / গঙ্গা জল
- ত্রিফলক যুক্ত বেলপাতা
- অপরাজিতা, ধুতুরা, আকন্দ ফুল বা সাদা ফুল
- ধূপ, ধূনা
- জেনেউ
- গোটা আতপ চাল
- কর্পূর
- নৈবেদ্য -সামর্থ্য অনুযায়ী
- তামার পাত্র - শিবলিঙ্গ অভিষেকের জন্য
- একটি ছোট কলস - শিবের মাথায় জল অর্পণ এর জন্য
- ছোট তামা বা পিতলের বাটি - শিবলিঙ্গে দুধ, দই অর্পনের জন্য
- তামা বা পিতলের থালা - ফুল, বেলপাতা, গোটা আতপ চাল রাখার জন্য।